# ঢাকা ওয়াসা

১। ২০২৪-২৫ ইং অর্থ-বছরের বরাদ্দকৃত ~~সংশোধিত~~ বাজেটের কপি।

২। ২০২৪-২৫ ইং অর্থ বছরের মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

৩। পুর্বানুমোদিত দরের কপি।

৪। প্রাক্কলন।

Name of Work: Dismantling and re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজের প্রক্কলন অনুমোদন করণ প্রসংগে।

১) ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের বিভিন্ন এলাকায় সারফেস ওয়াটার ও ১১৪ টি পানির পাম্প কম্পাউন্ডে বিদ্যমান ১৭৪ টি গভীর নলকূপ এর মাধ্যমে উত্তোলিত পানি দিয়ে এলাকায় পানি সরবরাহ করা হয়। অত্র জোনের আওতাধীন এলাকার বেশিরভাগ পানি গভীর নলকূপ হতে সরবরাহ করা হয়ে থাকে; গভীর নলকূপ সমূহ পরিচালনার লক্ষ্যে সার্বক্ষণিক মনিটরিং ও নিয়ন্ত্রণের প্রয়োজন। গ্রাহক পর্যায়ে সুপেয় পানি সরবরাহ নিশ্চিতকরণ ও পানি সরবরাহ ব্যবস্থাপনায় আধুনিকায়নে ঢাকা ওয়াসার অন্যান্য জোনের ন্যয় অত্র জোনেও কয়েক ধাপে ১৬৯ (একচল্লিশ) টি পানির পাম্পে স্ক্যাডা সিস্টেম স্থাপন করা হয়। স্ক্যাডা সিস্টেম একটি জটিল ও অধিকতর কারিগরি ব্যবস্থা বিধায় দক্ষ ও অভীজ্ঞ টেকনিশিয়ানের মাধ্যমে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। প্রসঙ্গত উল্লেখ্য, যে সকল ক্ষেত্রে পাম্প সমূহের পানির উৎপাদন হ্রাস পায় অথবা পাম্প দিয়ে পানি উত্তোলন সম্ভব না হয় সে সকল ক্ষেত্রে পাম্প সমূহ প্রতিস্থাপন বা রি-জেনারেশন করার প্রয়োজন হয়। পাম্প সমূহ প্রতিস্থাপন বা রি-জেনারেশন কাজ করার সময় অধিকাংশ ক্ষেত্রে পাম্প কম্পাউন্ডে বিদ্যমান স্ক্যাডা সিস্টেম এর বিভিন্ন যন্ত্রাংশ যেমন স্ক্যাডা প্যানেল বক্স, এনার্জি মিটার, প্রেসার ট্রান্সমিটার, কমিউনিকেশন কেবল প্রভৃতি দক্ষ ও অভীজ্ঞ টেকনিশিয়ানের মাধ্যমে পাম্প হাউজ বিচ্ছিন্ন করে অফিস কম্পউন্ডে নিয়ে আসার প্রয়োজন দেখা দেয়। এছাড়াও স্ক্যাডা সিস্টেমের কোন ইক্যুপমেন্ট (পিএলসি, ইন্ডাস্ট্রিয়াল রাউটার, আইও কার্ড, পাওয়ার সাপ্লাই প্রভৃতি) বিকল হয়ে পড়লেও ট্রাবলসুটিং এর মাধ্যম তা পরিবর্তনের জন্য অফিস কম্পাউন্ডে অবস্থিত স্ক্যাডা কন্ট্রোল রুমে নিয়ে আসতে হয়। পরবর্তীতে প্রতিস্থাপন/রি-জেনারেশন/মেরামত কাজ শেষে পুনরায় স্ক্যাডা সিস্টেম এর মালামাল ও যন্ত্রাংশ সমূহ দক্ষ ও অভিজ্ঞ টেকনিশিয়ানের মাধ্যমে পাম্প কম্পাউন্ডে পূনঃস্থাপন করতঃ স্ক্যাডা প্রোগ্রামিং ও ডাটাবেস হালনাগাদ করনের মাধ্যমে সিস্টেম চালু করা হয়।

২) অনুচ্ছেদ ১.০ এর বর্ণনা মোতাবেক মডস জোন-৩ আওতাধীন Dismantling and re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-3, Dhaka WASA. কাজটি সম্পদানের জন্য পুর্বানুমোদিত দরের ভিত্তিতে দর বিশ্লেষন পূর্বক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে মোট ৩,১৫,৯০০.০৫২ (তিন লক্ষ পনের হাজার নয়শত দশমিক শুন্য পাঁচ দুই ) টাকা মাত্র। আলোচ্য কাজটি সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(৫) অনুযায়ী Request for Quotation (RFQ)- পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মড্স জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার প্যাকেজ নং-B.১৩.২ এর ক্রমিক নং-৪ হতে নির্বাহ করা হবে (সংযুক্তি ক্র: নং-০২ দ্র:)। আলোচ্য কাজের দরপত্র আহবানের জন্য CPTU প্রণীত Request for Quotation (SRFQ) Document PW1 অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মড্স জোন-৩, দায়িত্ব পালন করবেন এবং ক্রয়কারী কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহবানের, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। আলোচ্য কাজের চুক্তি অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এবং প্রশাসনিক ও আর্থিক অনুমোদন ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Dismantling and re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-3, Dhaka WASA কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোটঃ ৩,১৫,৯০০.০৫২ (তিন লক্ষ পনের হাজার নয়শত দশমিক শুন্য পাঁচ দুই) টাকা মাত্র'র প্রাক্কলনটির অনুমোদন।

খ) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(৫) অনুযায়ী "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার "স্ক্যাডা রক্ষণাবেক্ষণ" (কোড নং- ০১-০৪-০১৫) খাত এর প্যাকেজ নং-B.১৩.২ এর ক্রমিক নং-৪ হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লেখিত প্রস্তাবসমূহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

26/12/2024

AE

26.12.24

মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা।

EE

26.12.24

জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE (MODS Circle-1)

০১/০১/২৫

০৪। অনুচ্ছেদ ১,২,ও ৩ এর বর্ননার আলোকে প্রাক্কলনটি পরীক্ষা-নিরীক্ষা করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য নথিটি টাস্কফোর্স -৩ এর সদস্য সচিব বরাবর প্রেরন করা যেতে পারে।

০১/০১/২৫

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২
ও
আহবায়ক,
ঢাকা ওয়াসা।

AE (X)

01/01/25

৭) অনুচ্ছেদ ৫.০ ও ৬.০ এ টাস্কফোর্স টিম-৩ কর্তৃক Dismantling and re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজের প্রাক্কলনের সঠিকতা যাচাই বাছাই করে পরবর্তী কার্যক্রমের জন্য অত্র দপ্তরে প্রেরণ করেছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে মোট ৩,১৫,৯০০.০৫২ (তিন লক্ষ পনের হাজার নয়শত দশমিক শুন্য পাঁচ দুই ) টাকা মাত্র। আলোচ্য কাজটি সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(৫) অনুযায়ী Request for Quotation (RFQ)-পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মড্স জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার প্যাকেজ নং-B.১৩.২ এর ক্রমিক নং-৪ হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তি ক্র: নং-০২ দ্র:)। ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয়পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে। আলোচ্য কাজের দরপত্র আহবানের জন্য CPTU প্রণীত Request for Quotation (SRFQ) Document PW1 অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মড্স জোন-৩, দায়িত্ব পালন করবেন এবং ক্রয়কারী কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহবানের এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। ঢাকা ওয়াসার অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য কাজের চুক্তি অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এবং প্রশাসনিক ও আর্থিক অনুমোদন ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

৮) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Dismantling and re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-3, Dhaka WASA কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোটঃ ৩,১৫,৯০০.০৫২ (তিন লক্ষ পনের হাজার নয়শত দশমিক শুন্য পাঁচ দুই) টাকা মাত্র'র প্রাক্কলনটির অনুমোদন;

খ) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৯(৫) অনুযায়ী "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার "স্ক্যাডা রক্ষণাবেক্ষণ" (কোড নং- ০১-০৪-০১৫) খাতের প্যাকেজ নং-B.১৩.২ এর ক্রমিক নং-৪ হতে নির্বাহ করার অনুমোদন এবং

ঘ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার "স্ক্যাডা রক্ষণাবেক্ষণ" (কোড নং- ০১-০৪-০১৫) খাতে অন্তর্ভূক্তির অনুমোদন।

উল্লেখিত প্রস্তাবসমূহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

13/01/2025
উত্তম সমদ্দার
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৩
ঢাকা ওয়াসা

SDE
মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

13.1.25
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৩ ঢাকা ওয়াসা

SE (mods circle-1)
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

DMD (O&M)

2025

প্রকৌশলী মোঃ আবদুস সালাম ব্যাপারী

# ঢাকা ওয়াসা

৫। অনুচ্ছেদ ৪ এ তত্ত্বাবধায়ক প্রকৌশলী মড্স সার্কেল-২ ও টাস্কফোর্স টিম-৩ এর আহবায়ক মহোদয়ের সদয় নির্দেশনার প্রেক্ষিতে Dismantling and Re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-3, Dhaka WASA কাজের সংযুক্ত প্রাক্কলনটি যাচাই বাচাই করে সঠিক পাওয়া গেছে। যে ১৩ টি পাম্প কম্পাউন্ডে কাজ করা হবে, কাজ শেষে তার তালিকা নথিতে সংরক্ষণ করা যেতে পারে। MODS Zone-3 দ্বারা প্রস্তাবিত উক্ত কাজের জন্য প্রাক্কলিত টাকা =৩,১৫,৯০০.০৫২/- (তিন লক্ষ পনের হাজার নয়শত দশমিক শূন্য পাঁচ দুই) টাকা মাত্র অনুমোদন করা যেতে পারে।

৬। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Dismantling and Re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-3, Dhaka WASA কাজের জন্য নথিখানা পরবর্তী কার্যক্রমের জন্য উপস্থাপন করা হলো।

9/1/2025
প্রকৌঃ কাওছার
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
পিএন্ডডি (যাঃ ও তঃ) বিভাগ
ঢাকা ওয়াসা।

E/E
Tasnima
07/01/2025
তাসনিমা নাঈম
নির্বাহী প্রকৌশলী
বর্ধিত ঢাকা পানি সরবরাহ রেজিলিয়েন্স প্রকল্প
ঢাকা ওয়াসা।

SE (MODS-1)
আহ্বায়ক/TF-3

09.01.25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২
ও
আহবায়ক,
টাস্কফোর্স টিম-৩, ঢাকা ওয়াসা।

EE/Z-3

8.1.25
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৩ ঢাকা ওয়াসা

08.01.25

SAE(U)

# ঢাকা ওয়াসা

১০/ অনুচ্ছেদ নম্বর অনু-৮ এর প্রস্তাবের অনুমোদন দেওয়া যেতে পারে।

18/3/2025

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা

DMD (O&M)

MD.

24/3/25

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

**অনুচ্ছেদ-১১**

অনুচ্ছেদ নং-১০ এর অনুমোদনের প্রেক্ষিতে নথিভুক্ত "Dismantling and Re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-03, Dhaka WASA." শীর্ষক কাজের RFQ Document তৈরী করা হয়েছে। যা সদয় স্বাক্ষর করা যেতে পারে।

| | | |
|---|---|---|
| 09.4.25<br>অশোক কুমার হালদার<br>উপ-সহকারী প্রকৌশলী<br>মড্‌স জোন-৩, ঢাকা ওয়াসা। | AE 9.4.25<br>মিলন মজুমদার<br>সহকারী প্রকৌশলী<br>মড্‌স জোন-৩<br>ঢাকা ওয়াসা। | EE 9.4.25<br>জয়ন্ত সাহা<br>নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)<br>মড্‌স জোন-৩ ঢাকা ওয়াসা |

(৫) আলোচ্য কাজের RFQ Document।

**অনুচ্ছেদ-১২**

আলোচ্য "Dismantling and Re-installation of SCADA panel box and incorporation with SCADA Software under MODS Zone-03, Dhaka WASA." শীর্ষক কাজের জন্য ইস্যুকৃত RFQ Document সমূহ মূল্যায়নের লক্ষ্যে কমিটির সদস্যগণকে অবহিত করার নিমিত্তে পত্র প্রস্তুত করা হয়েছে। যা সদয় স্বাক্ষর করা যেতে পারে।

| | | |
|---|---|---|
| 10.04.25<br>অশোক কুমার হালদার<br>উপ-সহকারী প্রকৌশলী<br>মড্‌স জোন-৩, ঢাকা ওয়াসা। | AE 10.4.25<br>মিলন মজুমদার<br>সহকারী প্রকৌশলী<br>মড্‌স জোন-৩<br>ঢাকা ওয়াসা। | EE 10.4.25<br>জয়ন্ত সাহা<br>নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)<br>মড্‌স জোন-৩. ঢাকা ওয়াসা |